দৈনিক
ইত্তেফাক

তারিখ ..22. FEB..2016.. ...
পৃঃ ...২০.. কলাম...২... ......

# নান্দাইলে ভুল প্রশ্নে এসএসসি পরীক্ষা কেন্দ্র সচিব প্রত্যাহার

■ নান্দাইল (ময়মনসিংহ) সংবাদদাতা

ময়মনসিংহের নান্দাইল উপজেলায় ভুল প্রশ্ন সেটে এসএসসি পরীক্ষার গ্রহণের প্রতিবাদে গতকাল কেন্দ্র সচিব ও স্থানীয় প্রশাসনের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করে পরীক্ষার্থীরা। এসময় তারা দুই ঘণ্টাব্যাপী ময়মনসিংহ-কিশোরগঞ্জ মহাসড়ক অবরোধ করে ও নান্দাইল ডাকবাংলোর সামনে মহাসড়কের ওপর টায়ার জ্বালিয়ে প্রতিবাদ জানায়। এ সময় সড়কের দুই পাশে বেশ কিছু দূরপাল্লার বাস-ট্রাকসহ অন্যান্য যানবাহন আটকা পড়লে যাত্রীরা দুর্ভোগের শিকার হয়। পরে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ শাহানুর আলম কেন্দ্র সচিব মো. নাজির উদ্দিন আহম্মদকে প্রত্যাহারের ঘোষণা দিয়ে সমাধানের আশ্বাস দিলে আন্দোলনকারীরা অবরোধ তুলে নেয়।

ফলোআপ

উল্লেখ্য, গত শুক্রবার দৈনিক ইত্তেফাকের শেষের পাতায় 'নান্দাইলে ভুল প্রশ্ন সেটে এসএসসি পরীক্ষা, ১৭শ' পরীক্ষার্থী অনিশ্চয়তায়' শিরোনামে একটি সংবাদ প্রকাশিত হয়েছিল। গত বৃহস্পতিবার রসায়ন, পৌরনীতি ও ব্যবসা উদ্যোগ বিষয়ে 'ক' সেটের স্থলে নান্দাইলে ৩টি কেন্দ্রে 'খ' সেটে পরীক্ষা নেয় কর্তৃপক্ষ।